

Times Today BD

হিমেল আহমেদ অপি | ঢাকা | 03 May, 2025

মুন্সিগঞ্জের সিরাজদিখান উপজেলার সাবেক ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক মোঃ সুমন ভূইয়ার বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক অপপ্রচারের অভিযোগ উঠেছে।

শনিবার (০৩ মে) বেলা ১১টায় সিরাজদিখান প্রেসক্লাবের হলরুমে এক সংবাদ সম্মেলনে তিনি এ অভিযোগ করেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে মোঃ সুমন ভূইয়া বলেন আওয়ামীলীগের দোষর ও এলাকার নামধারী বিএনপির লোকজন মিলে রাজনৈতিক ও সামাজিকভাবে হেও প্রতিপন্ন করার উদ্দেশ্যে গভীর ষড়যন্ত্র করে এ অপপ্রচার চালাচ্ছেন। আমি বিগত ১৫ বছর রাজনৈতিকভাবে মিথ্যা মামলার শিকার হয়েছি এবং আমাকে নিজ গ্রাম ও বাড়ি ছাড়তে হয়েছে শুধুমাত্র আওয়ামীলীগের দোষরদের কারণে।

গতকাল আমাকে নিয়ে যে অপপ্রচার করা হয়েছে সেটা ছিল সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট, আমাকে সামাজিক ও রাজনৈতিক ভাবে দূরে রাখার জন্য এ মিথ্যা ও অপপ্রচার এখনো অব্যাহত রেখেছেন আওয়ামী লীগের দোষরা।

আমি কেয়াইন বায়তুল আমান জামে মসজিদ কমিটির সভাপতি প্রার্থী এবং কেয়াইন জাগরনী সংসদের সভাপতির দায়িত্ব পালন করে আসছি। আমার সাথে প্রতিদ্বন্দ্বিতা করে পরাজিত হয় ইউসুফ হোসেন ভূইয়া। তার পর থেকে প্রিন্স নাদিম, সিদ্দিক মোল্লা ও আওয়ামী লীগের দোষরদের সাথে নিয়ে অপপ্রচার ও ষড়যন্ত্রের কর্মকাণ্ড চালাচ্ছেন তারা।

প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করে বলেন কুচুকী মহল ও ষড়যন্ত্রকারীদের আইনের আওতায় এনে

দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান তিনি। মোঃ সুমন ভূইয়ার স্ত্রী বলেন আমার স্বামীর বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছেন শুধু তাইনয় আমাদেরকে মেরে ফেলারও গভীর ষড়যন্ত্র করছে। স্বামী সন্তান নিয়ে নিরাপত্তাহীনতায় আছি তাই প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছে ষড়যন্ত্রকারীদের আইনের আওতায় আনার জন্য। এ সংবাদ সম্মেলনে সাংবাদিকদের নানা প্রশ্নের উত্তর দেন মোঃ সুমন ভূইয়া। এ সময় উপস্থিত ছিলেন সিরাজদিখান প্রেসক্লাবের কর্মরত সাংবাদিক, সিরাজদিখান থানা পুলিশের সদস্য ও গণ্যমান্য ব্যক্তিবর্গ।

প্রেসক্লাব ছাত্রদল পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:19

URL: <https://www.timestodaybd.com/dhaka/7758071855>